ঢাকা ওয়াসা

বিষয়ঃ পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের স্থায়ী দাদনের পরিমাণ বাড়ানো প্রসংগে।

১০১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার পরিকল্পা, পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগে ২০০০/-টাকার একটি স্থায়ী দাদন রয়েছে। উক্ত স্থায়ী দাদন বহুদিন আগে অনুমোদিত এবং তখন অত্র বিভাগে জনবলও কম ছিল। ইত্যবসরে উক্ত বিভাগের নতুন সেট-আপ অনুযায়ী জনবল বৃদ্ধি পেয়েছে এবং ঢাকা শহরের সীমানা বাড়ার সাথে সাথে ঢাকা ওয়াসার কর্মপরিধি উত্তরোত্তর বৃদ্ধি পাওয়ায় অত্র বিভাগের কর্মপরিধিও বৃদ্ধি পেয়েছে। তাছাড়া বর্তমানে মালামালের দামও বেড়েছে। কিন্তু স্থায়ী দাদন ২০০০/- (দুই হাজার) টাকা হওয়ায় প্রয়োজনীয় মালামাল কেনা সম্ভব হয়ে উঠে না।

২। এ ব্যপারে উল্লেখ করা প্রয়োজন যে, পুর্বে অত্র বিভাগে ২০০০/ করে দু'টি স্থায়ী দাদন ছিল (কপি সংযুক্ত)। পরবর্তীতে একটি স্থায়ী দাদন বন্ধ করে দেয়া হয়। তখন জনবল কম থাকায় স্থায়ী দাদনের পরিমান বাড়ানোর কোন পদক্ষেপ নেয়া হয়নি। বেশী প্রয়োজন হলে কোন মাসে একাধিক বার স্থায়ী দাদনের ভাউচার সমন্বয় করা হতো (কপি সংযুক্ত)। কিন্তু বর্তমানে লোকবল ও কর্মপরিধি বৃদ্ধি পাওয়ায় স্থায়ী দাদনের পরিমান বৃদ্ধির বিষয়টি অপরিহার্য হয়ে পড়েছে।

৩। এমতাবস্থায় উপরের বর্ণনার আলোকে অত্র বিভাগের বর্ধিত জনবল, কাজের পরিধি বৃদ্ধি ও মালামালের দামের উর্ধ্বগতির কথা বিবেচনা করে স্থায়ী দাদন ২০০০/-(দু'হাজার) টাকা হতে বাড়িয়ে ৫০০০/-(পাঁচ হাজার) টাকায় উন্নীত করার সদয় অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৭/৫/১২ RO A(P) ২৭/০৫/১২ D(P)

মোঃ আব্দুল কাদের
সহকারী প্রধান (পরিকল্পনা)
পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
ঢাকা ওয়াসা, ঢাকা।

৪। পরিকল্পনা বিভাগের জনবল ও কাজের পরিধি বৃদ্ধি এবং দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির বিষয়গুলো বিবেচনা করে ঢাকা ওয়াসার প্রচলিত বিধি অনুযায়ী এ বিষয়ে সদয় সিদ্ধান্ত প্রদানের জন্য উপস্থাপন করা হল।

৩০/০৫/১২
নাসির উদ্দিন আহমদ চৌধুরী
উপ-প্রধান (পরিকল্পনা)
পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
ঢাকা ওয়াসা, ঢাকা।

A.C.E.

৫। বর্তমানে পরিকল্পনা বিভাগের কর্মপরিধি অনেক বৃদ্ধি পেয়েছে তাছাড়া দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির কারণে স্থায়ী দাদন ৫০০০/- টাকায় উন্নীত করার সুপারিশ করছি।

৩১.৫.১২
মোঃ ফজলুর রহমান
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
গবেষণা, পরিকল্পনা ও উন্নয়ন
ঢাকা ওয়াসা, ঢাকা

এ এম আমিনুল আলম চৌধুরী
উপ-ব্যবস্থাপনা পরিচালক (এফএন্ডএম)
(অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা ওয়াসা।

DMD(RPD) DW-D(RPD) ACE(RPD)